

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৭৭

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ বাগানের মালিকদের প্রতি নির্দেশ হলো প্রতিটি বাগানের থেকে এক থোকা করে খেজুর গরীব-মিসকীনদের জন্য মসজিদে ঝুলিয়ে রাখবে

ذِكْنُ الْأُمْرِ لِلْمَرْءِ أَنْ يُعَلِّقَ مِنْ كُلِّ حائطٍ مِنْ حَوَائِطِهِ قِنْواً فِي الْمَسْجِدِ لِلْمَسَاكِينَ

## আরবী

3277 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ الْحُسَيْنِ بْنِ عَبْدِ الْجَبَّارِ الصُّوفِيُّ بِبَغْدَادَ حَدَّثَنَا يَحْيَى بْنُ مَعِينٍ حَدَّثَنَا ابْنُ أَبِي مَرْيَمَ عَنِ الدَّرَاوَرْدِيِّ عَنْ عُبَيْدِ اللَّهِ وَعَبْدِ اللَّهِ أَخِيهِ كِلَاهُمَا عَنْ نَافِعٍ عَنِ ابْنِ عُمَرَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَمَرَ لِلْمَسْجِدِ مِنْ كُلِّ حائطٍ بِقَنا.

الراوي: ابْن عُمَرَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3277 | خلاصة حكم المحدث: صحيح \_ ((صحيح أبي داود)) ( (1465).

قَالَ أَبُو حَاتِمٍ: عَبْدُ اللَّهِ ـ هَذَا ـ: هُوَ عَبْدُ اللَّهِ بْنِ عُمَرَ بْنِ حَفْصِ بْنِ عَاصِمِ بْنِ عُمَرَ بْنِ الْخَطَّابِ مِنْ عُبَّاد أَهْلِ الْمَدِينَةِ قَدْ غَلَبَ عَلَيْهِ التَّقَشُّفُ وَالْعِبَادَةُ حَتَّى كَانَ يَقْلِبُ الْأَخْبَارَ وَلَا يَعْلَمُ فَلَمَّا كَثُرَ ذَلِكَ مِنْهُ فِي أَخْبَارِهِ بَطَلَ الِاحْتِجَاجُ بِآثَارِهِ وَاعْتِمَادُنَا فِي هَذَا الْخَبَرِ عَلَى أَخِيهِ عُبَيْد اللَّهِ دُونَهُ.

## বাংলা

৩২৭৭. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "নিশ্চয়ই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রত্যেক বাগান থেকে এক থোকা করে খেজুর মাসজিদে ঝুলিয়ে রাখার নির্দেশ দিয়েছেন।"[1]



আবৃ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "হাদীসের রাবী আব্দুল্লাহ হলেন আব্দুল্লাহ বিন উমার বিন হাফস বিন আসিম বিন উমার বিন খাত্তাব, তিনি মদীনাবাসী একজন আবিদ। দুনিয়ার ব্যাপারে বিরাগভাজন ও ইবাদতের অবস্থা প্রাবল্যতা লাভ করার কারণে তিনি অজান্তেই হাদীস উলট-পালট করে বর্ণনা করতেন। যখন হাদীস বর্ণনায় এরকম বেশি বেশি হতে থাকে, তখন তার হাদীসের মাধ্যমে দলীল গ্রহণ বাতিল হয়ে যায়। আর আমরা এই হাদীসে তার ভাইয়ের উপর নির্ভর করেছি; অন্য কারো উপর নয়।"

## ফুটনোট

[1] হাইসামী, মাজমাউয যাওয়াইদ: ৩/৭৭; আবূ ইয়ালা: ২০৩৮; মুসনাদ আহমাদ: ৩/৩৫৯-৩৬০; আবূ দাউদ: ১৬৬২; সহীহ ইবনু খুয়াইমাহ: ২৪৯৬; তাহাবী: ৪/৩০; সুনান বাইহাকী: ৫/৩১১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ শক্তিশালী বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৪৬৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন